তোলা তোলার অভিযোগে আটক ৪

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : তোলা চাওয়ার অভিযোগে চারজনকে আটক করল পুলিশ। ঘটনাটি ঘটেছে হাওড়ার উলুবেড়িয়ার মনসাতলায় রবিবার রাতে। জানা গিয়েছে, যারা আটক হয়েছে সেই চারজনের বাড়ি কলকাতার তারাতলায়। একটি গাড়িতে চেপে তারা তোলা তুলছিল। পুলিশ সূত্রে খবর, তারা নিজেদের আয়কর দফতরের কর্মী বলে পরিচয় দিয়ে তোলা তুলছিল ব্যবসায়ীদের কাছে। তারপর আক্রান্ত ব্যবসায়ীরা পুলিশকে খবর দেয় পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের আটক করে। যদিও তাদেরকে গ্রেফতার করা হয়নি। পুলিশ তাদেরকে জিজ্ঞাসাবাদ করেছে। পুলিশ আরও জানিয়েছে, কমবয়সি ছেলেমেয়েদের অতিরিক্ত টাকার প্রয়োজন অনেক সময় এরকম অপরাধমূলক কাজে জড়িয়ে পড়তে দেখা যায়। এই ঘটনাটি সেরকম কি না তার তদন্ত করছে পুলিশ।

জলের সমস্যা মেটাতে হাওড়া পুরসভার উদ্যোগ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : এখনও গ্রীষ্মকাল আসেনি। তার আগেই পুরবাসীদের জলের সমস্যা মেটাতে তৎপর হাওড়া পুরসভা। গরমকালে হাওড়ার ১-৫০ নম্বর ওয়ার্ডে জলের যে কোনও ধরনের সমস্যার জন্য খোলা হয়েছে বিশেষ সেল। এলাকায় পানীয় জলের সমস্যা হোক বা জলের লো প্রেসার বা প্রয়োজন জলের ট্যাঙ্কের। ভোর ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত ফোন করতে পারবেন নীচের নম্বরে। এই পরিষেবা পাওয়া যাচ্ছে সোমবার থেকে। চলবে আগামী ৩ সেপ্টেম্বর পর্যন্ত। নম্বরগুলি হল।

সৌফিক সামন্ত:- 9163546747 অরিজিত ঘোষ:-9831966507
সৌরভ দাস:-813308898 বিদ্যুৎ ঘোষ:-974882591 এছাড়া পুরনিগমের এই নম্বরেও ফোন করা যেতে পারে। 033-2638211/12/13
extention no:-229/251 ।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

1		8	6	5		3	2	
			1					
5		9		2		8		
	2					6		
7								4
		4					7	
		6		8		2		7
					1			
	1	7		4	2	5		3

গতকালের সমাধান

7	8	9	5	4	2	1	6	3
5	1	6	9	8	3	7	4	2
4	2	3	6	1	7	5	9	8
9	5	7	8	3	6	4	2	1
3	6	1	2	5	4	8	7	9
8	4	2	7	9	1	6	3	5
1	7	5	3	6	9	2	8	4
2	3	8	4	7	5	9	1	6
6	9	4	1	2	8	3	5	7

— সমাধানের নিয়ম —
এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৪ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭০ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১২, **সূর্যাস্ত:** ঘ ৫।৫৪ **জোয়ার:** বিকেল: ৯:৩৪। **ভাটা:** ভোর : ৫:০৬।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	64.9287
INR / 1 Euro	:	79.6870
INR / 100 Jap. YEN	:	60.6600
INR /1 Pound Sterling	:	91.4975

শেয়ার সূচক

BSE 33,788.54 ▲ (+116.57)
NIFTY 10,379.35 ▲ (+47.75)

শব্দলিপি- ১১৬৪

অনুব্রতর অভিযোগের পর বীরভূম ঝাড়খণ্ড সীমানায় পুলিশের নাকা চেকিং

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : ঝাড়খণ্ড থেকে বহিরাগতরা এসে মহম্মদবাজারে হামলা চালিয়েছে। তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি অনুব্রত মণ্ডলের এই অভিযোগ পেয়ে ঝাড়খণ্ড সীমানায় নজরদারি বাড়িয়েছে পুলিশ। গত শনিবার থেকে সীমান্ত সিল করে দিয়ে নাকা চেকিং চলছে। সীমানা থেকে ২ কিলোমিটার দূরে বীরভূমের নিমদাসপুর, আলুপাহাড়ি মোড়ে মহম্মদবাজার থানার পুলিশের জিপ টহল দিচ্ছে। রামপুরহাট থানার মালুটির কাছে গাড়ি চেকিং করছে পুলিশ। এছাড়া জেলার অন্য সীমান্ত এলাকাগুলিতে ১০টি থানা এলাকার পুলিশ দিনভর তল্লাশি চালাচ্ছে। তবে স্থানীয়দের একাংশ পুলিশের এই নজরদারিকে বলছেন, বজ্র আঁটুনি ফস্কা গেরো। বীরভূম-ঝাড়খণ্ড সীমান্ত সংলগ্ন গ্রাম নতুনডিহিতে গিয়ে দেখা গেল সীমান্ত অরক্ষিত। অবাধে যাতায়াত করছে দুই রাজ্যের মানুষ।

শনিবার মহম্মদবাজারে মনোনয়ন জমা দেয় বিজেপি। তৃণমূলের অভিযোগ, ভিন রাজ্য থেকে দুষ্কৃতীদের নিয়ে এসেছিল তৃণমূল। তাদের হাতে তির-ধনুক থেকে বোমা পিস্তল সবই ছিল। তৃণমূলের জেলা সভাপতি অনুব্রত মণ্ডলের দাবি, ৫টি বাসে করে সাধারণ মানুষের সঙ্গে মাওবাদীরা ঝাড়খণ্ড থেকে এসে শেওড়াকুড়ির মিছিলে যোগ দিয়েছিল। যদিও রবিবার যে পথে বহিরাগতরা ঢুকেছিল বলে দাবি প্রশাসনের সেই এলাকার মানুষ ওইদিন তেমন গাড়ি বোঝাই সমর্থক দেখেননি বলে দাবি করেছেন।

তবে অন্য একটি সূত্রে জানা গিয়েছে, বাস বোঝাই সমর্থকরা এসেছিল মুরালপুর এলাকা থেকে। বীরভূম ও ঝাড়খণ্ডের মধ্যে ১৮০ কিলোমিটার দীর্ঘ সীমানার বেশির ভাগটাই জঙ্গলে ঘেরা। তাই ঠিক কোন পথে প্রা ১০ হাজার মানুষ রবিবার মহম্মদবাজারে জমায়েত হয়েছিল সেই সম্পর্কে তথ্য নেই শাসকদল ও জেলা পুলিশের কাছে।

তবে সীমান্ত সংলগ্ন গ্রাম নতুনডিহি এলাকার বিজেপির অঞ্চল প্রমুখ অরবিন্দ শুক্লা বলেন, 'আমার এলাকা থেকে প্রায় ৫০০-র বেশি আদিবাসী সমর্থক ও গ্রামবাসী ব্লক অফিসে গিয়েছিল। স্থানীয় বাসিন্দা শ্যামল গোস্বামী বলেন, 'দিন চারেক আগে গ্রামে মিটিং করার সময় বিজেপির বুথ সভাপতি সুকুমার ঘোষের ওপর চড়াও হয় তৃণমূল নেতারা। তারপর থেকেই এলাকর টাংগুলি, কদমহিড়, মহুলডাঙার আদিবাসীরা রাগে ফুঁসছে।

চরিচা এলাকার তৃণমূল ব্লক কমিটির সদস্য আক্তিক সিং বলেন, 'শনিবার সড়ক পথে বিজেপির সমর্থক বোঝাই কোনও গাড়ি যেতে দেখিনি। তবে এলাকার আদিবাসীদের মধ্যে মনোনয়ন না দিতে পারায় একটি ক্ষোভ তৈরি হয়েছিল।'

নতুনডিহি গ্রামের ব্যবসায়ী উৎপল সাহা, সতীশ ভাণ্ডারিরা জানান, ওই এলাকায় পুলিশের কোনও নাকা চেকিং তাঁরা দেখেননি। তবে মাঝে মাঝে পুলিশের দু-একটি জিপ ঘুরছে।

সিউড়ি ঢোকার মুখে মল্লারপুর থানার মলুটিতে, রামপুরহাটের সুঁড়িচুয়ার পথে বীরভূমের দিকে আসা সব গাড়িতে তল্লাশি চালাচ্ছে পুলিশ। কারণ সোমবার মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিনে ফের বহিরাগতদের আক্রমণের আশঙ্কা করছে শাসক দল থেকে প্রশাসন।

প্রদীপ ভট্টাচার্যের হাতে রাখী পরিয়ে সম্প্রীতির বার্তা দিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরি।

আমডাঙ্গায় খুন তৃণমূল কর্মী

নিজস্ব সংবাদদাতা, উত্তর ২৪ পরগনা : উত্তর ২৪ পরগনা জেলার আমডাঙ্গায় খুন হলেন তৃণমূলের এক কর্মী। রবিবার রাতে আমডাঙ্গা নতুনগ্রাম এলাকার বাড়ির কাছেই এক দল দুষ্কৃতীর হাতে খুন হন তিনি। জানা গিয়েছে, দুষ্কৃতীরা ওই তৃণমূল কর্মীর গলার নলি কেটে খুন করে। মৃত তৃণমূল কর্মীর নাম সরিফুল হক (৩০)।

সরিফুল আমডাঙ্গার মরিচা গ্রাম পঞ্চায়েতের নতুনগ্রাম এলাকার তৃণমূলের পঞ্চায়েত সদস্যর ভাই। স্থানীয় তৃণমূলের গোষ্ঠী কোন্দলের জেরেই সরিফুল খুন হয়েছে বলে এলাকার মানুষের ধারণা। মৃতের পরিবার তথা শাসক দলে পঞ্চায়েত সদস্য জিয়াউল হকের অভিযোগ, স্থানীয় বিধায়কের ঘনিষ্ঠরাই ভাইকে খুন করেছে। আমডাঙ্গার বিধায়ক অবশ্য গোষ্ঠীদ্বন্দ্বের অভিযোগ উড়িয়ে দিয়ে জানান, এলাকায় সরিফুলের অবস্থান ছিল অসামাজিক। এর মধ্যে কোনও গোষ্ঠী দ্বন্দ্ব নেই। খুনের ঘটনায় মৃতের পরিবারের পক্ষ থেকে পাঁচ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে আমডাঙ্গা থানায়। সরিফুল খুনে দুই যুবক সরিফুলকে বাইকে করে গাদামারার হাট থেকে নিয়ে আসে। বাড়ির অদূরের একটি কলা বাগানে নিয়ে সরিফুলের গলার নলি কেটে চম্পট দেয় দুষ্কৃতীরা। পরিবারের লোকজন এবং স্থানীয়রা বিষয়টি জানতে পেরে রক্তাক্ত সরিফুলকে স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

সরিফুল হক স্থানীয় একটি বিএড কলেজে নিরাপত্তারক্ষীরা কাজ করতেন। ওই কলেজ তৈরিতে ইমারতি দ্রব্য সরবরাহের সিন্ডিকেট চালাতেন বিজয় ভৌমিক নামে এক যুবক। পরিবারের অভিযোগ, বিধায়ক ঘনিষ্ঠ বিজয় নব্য তৃণমূল। জিয়াউল হক বলেন অবৈধ সিন্ডিকেট চালানোর প্রতিবাদ করতে আমার ভাই। এই নিয়ে বিজয়ের লোকজন সরিফুলকে হুমকিও দিয়েছিল বলে জানায়। অন্যদিকে, ২০১৩ সালে মরিচা পঞ্চায়েতের নতুনগ্রাম এলাকা থেকে জয়ী হয়েছিলেন জিয়ায়ুল হক। তিনিই তৃণমূলের পঞ্চায়েত সদস্য। এবার এই আসনটি মহিলা সংরক্ষিত হয়েছে। জিয়াউল হক চেয়েছিলেন এবার এই কেন্দ্রে থেকে প্রার্থী হোক নাজমা বিবি। কিন্তু দল এই আসনে প্রার্থী করেছে তৃণমূল নেতা হাসান মণ্ডলের স্ত্রী পারভিন বেগমকে। গত বিধানসভা নির্বাচনে পর থেকেই এলাকার বিরুদ্ধে তৃণমূল কর্মী জিয়ায়ুল হকের সঙ্গে দ্বন্দ্ব শুরু হয়েছিল আমডাঙ্গার বিধায়ক রফিকার রহমানের। এবারে বিক্ষুব্ধ তৃণমূল জিয়াউল হকের নেতৃত্বে তার ঘনিষ্ঠ নাজমা বিবিকে প্রার্থী করা হয়। গত শুক্রবার নাজমা বিবি নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন।

নাজমার নির্বাচনী এজেন্ট হয়েছেন জিয়ায়ুল হক। জিয়াউলের খুব ঘনিষ্ঠ ছিলেন ভাই সরিফুল হক। পঞ্চায়েত সদস্যের ভাই হিসেবে এলাকায় দাপটও ছিল সরিফুলের। জিয়ায়ুলের ডান হাত ছিলেন এই সরিফুল। জিয়াউল জানিয়েছেন, প্রার্থী বাছাই নিয়ে দলের ভিতর গোষ্ঠীদ্বন্দ্বের ফলেই তার ভাইকে খুন করা হয়েছে। আমডাঙার বিধায়ক রফিকার রহমান বলেন, জিয়াউল দলের পঞ্চায়েত সদস্য।

ভাইয়ের সঙ্গে ভালো সম্পর্ক ছিল না বলেই জানি। সরিফুলের সামাজিক অবস্থানও ভালো ছিল না। এই খুনের ঘটনায় কোনও গোষ্ঠী দ্বন্দ্ব নেই।

বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান

বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে চলেছে ওয়েস্ট বেঙ্গল ডিভিশনাল অ্যাকাউন্টস অফিসার্স অ্যান্ড ডিভিশনাল অ্যাসোসিয়েশন। আগামী ২২ এপ্রিল বিকেল ৫ টায় শিশির মঞ্চে এই অনুষ্ঠানে হবে। ওয়েস্ট বেঙ্গল ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্টস কালচারাল ফোরামের ব্যানারে হবে এই অনুষ্ঠান। যুথ আহ্বায়ক তাপস রায়, দেবাশিস পাহাড়ি, শান্তনু দত্ত একথা জানিয়েছেন।

টিকিট না পেয়ে তৃণমূল কর্মীদের রাস্তা অবরোধ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রবিবার রাতে হাওড়ায় পঞ্চায়েত নির্বাচনে টিকিট না পেয়ে রাস্তা অবরোধ করলেন বিক্ষুব্ধ তৃণমূল কংগ্রেস কর্মীরা। ঘটনাটি ঘটেছে হাওড়ার আন্দুল রোডে।

ইঙ্গিতটা মিলেছিল আগেই। সেই অনুযায়ী ক্ষোভের আগুনে ফুঁসতে শুরু করেছিল বিক্ষুব্ধদের একাংশ। পঞ্চায়েত সমিতিতে পুরনো সদস্যরা দলীয় প্রতীক না পেয়ে অবশেষে রাস্তায় নামলেন। রবিবার রাতে হাওড়ার আন্দুল রোড অবরোধ করলেন বিক্ষুব্ধ তৃণমূল কর্মীরা। এই নিয়ে বিক্ষোভের জেরে শাসকদলের কোন্দল প্রকাশ্যে চলে এল। অবরোধকারীদের দাবি দলের নির্দেশ ছিল পুরনো জনপ্রতিনিধিদের এবারও টিকিট দেওয়া হবে। যদি সেক্ষেত্রে আসন সংরক্ষিত হয়ে থাকে তাহলে ওই জন প্রতিনিধিকে পাশের আসন থেকে সুযোগ দেওয়া হবে। কিন্তু হাওড়ায় সাঁকরাইল ব্লকে সেই তত্ত্ব মানা হচ্ছে না।

এরই প্রতিবাদে এদিন রাতে আন্দুল রোড অবরোধ করেন তৃণমূলের বিক্ষুব্ধ গোষ্ঠী। অবরোধকারীদের নেতৃত্বে ছিলেন স্থানীয় তৃণমূল নেত্রী শিল্পী মুখোপাধ্যায়। এর পিছনে তৃণমূল কংগ্রেসের দক্ষিণ হাওড়ার প্রেসিডেন্ট তপন মিত্র এবং স্থানীয় বিধায়ক ব্রজমোহন মজুমদারের হাত রয়েছে বলে দাবি করেছেন শিল্পীদেবী।

অপরদিকে অবরোধের কারণে ব্যাপক যানজটের সৃষ্টি হয় আন্দুল স্টেশন রোডে। প্রায় ৪০ থেকে ৪৫ মিনিট অবরুদ্ধ হয়েছিল আন্দুল স্টেশন রোড। যারা জেরে চরম ভোগান্তির শিকার হতে হয় সাধারণকে। যদিও এই বিষয়ে তৃণমূল নেত্রী শিল্পী মুখোপাধ্যায় জানিয়েছেন, সাধারণ মানুষের সমস্যার কথা ভেবে অল্প সময়ের মধ্যেই অবরোধ তুলে নেওয়া হয়।

নাট্য মিলন উৎসব

আশিস কুমার ঘোষ : গোবরডাঙা নাবিক নাট্যমের ব্যবস্থাপনার গোবরডাঙা সংস্কৃতি কেন্দ্রে দু'দিনের নাট্যোৎসব অনুষ্ঠিত হল। প্রদীপ জ্বালিয়ে এই উৎসবের সূচনা করেন গোবরডাঙা পুরসভার পুর প্রধান সুভাষ দত্ত, উপস্থিত ছিলেন শিল্পী সৌমেন কর, অধ্যাপক অমিত ব্যানার্জী প্রমুখ। দু'দিনের উৎসবে পাঁচটি নাটক মঞ্চস্থ হয়। প্রথমদিন গোবরডাঙা নাবিক নাট্যমের প্রযোজনায় মুকুন্দ চক্রবর্তী রচিত ও নির্দেশিত নাটক 'সাদামেঘ' এবং হালিশহর ইউনিটি মালঞ্চ পরিবেশিত দেবাশিস সরকার নির্দেশিত 'পোকা' মঞ্চস্থ হয়। দ্বিতীয় দিন ইমন মাইম সেন্টার মহলমহলপুর মাইম প্রদর্শন করে। এরপর থিয়েটার মহলমহল পরিবেশন করে সহজ আচার্য রচিত নির্দেশিত 'জেনেসিস' এবং দত্তপুকুর 'দৃষ্টি' পরিবেশন করে বৃদ্ধদেব ভট্টাচার্য নির্দেশিত নাটক চাঁদ ও উগর।

ভাঙড়ে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের অভিযোগ, প্রার্থী ভেবে অন্য মহিলাকে মারধর

নিজস্ব সংবাদদাতা, ভাঙড় : ভাঙড়ে তৃণমূলের বিরুদ্ধে প্রায় গোষ্ঠীসংঘর্ষের অভিযোগ ওঠে। পঞ্চায়েত নির্বাচনকে ঘিরে ফের শাসকদলের গোষ্ঠীদ্বন্দ্বের অভিযোগ উঠল। পঞ্চায়েত নির্বাচনে তৃণমূলের গ্রাম পঞ্চায়েত প্রার্থী হয়েছেন কাইজার আহমেদ গোষ্ঠীর অনুগামী অষ্টমী মণ্ডল। ভোটে দাঁড়ানোয় রবিবার রাতে তাকে রেজ্জাক মোল্লার অনুগামীরা মারতে আসেন বলে অভিযোগ। কিন্তু অন্ধকারে লক্ষ্যভ্রষ্ট হয়ে দুষ্কৃতীরা অষ্টমী মণ্ডলের পরিবর্তে বনু মণ্ডল নামে এক মহিলাকে মারধর করে। পরে ভুল বুঝতে পেরে পালিয়ে যায় দুষ্কৃতীরা। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের ঘুনিমেঘি এলাকায়। আহত ওই মহিলাকে উদ্ধার করে রাতেই স্থানীয় নলমুড়ি হাসপাতালে ভর্তি করা হয়। স্থানীয় সূত্রে খবর, কয়েকমাস ধরেই ভাঙড়ের তৃণমূল নেতা কাইজার আহমেদ গোষ্ঠীর অনুগামীদের সঙ্গে রেজ্জাক মোল্লা গোষ্ঠীর অনুগামীদের বিরোধ লেগে রয়েছে। মাঝে মধ্যেই দু'পক্ষ একে অপরের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়ে। ঘুনিমেঘি এলাকার গ্রাম পঞ্চায়েতে এবার তৃণমূল কংগ্রেসের প্রার্থী হয়েছেন অষ্টমী মণ্ডল। সেই কারণে রাগে ও ক্ষোভে ফুঁসছিল রেজ্জাক গোষ্ঠীর অনুগামীরা।

বিক্ষিপ্ত ঘটনা ছাড়া দঃ ২৪ পরগনায় শান্তিতে মনোনয়ন জমা

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : কড়া পুলিশি নিরাপত্তায় দক্ষিণ ২৪ পরগনা জেলায় পঞ্চায়েত নির্বাচনে মনোনয়ন পর্ব শেষ হল। জেলার পাঁচটি মহকুমায় কঠোর পুলিশি প্রহরার ব্যবস্থা ছিল। মনোনয়ন জমা দেওয়ার জন্য প্রার্থী ছাড়া প্রস্তাবক এবং সমর্থক মিলিয়ে মোট চারজন ছাড়া আর কাউকে দুশ মিটারের মধ্যে ঢুকতে দেওয়া হয়নি। শাসক এবং বিরোধী সকলেই মনোনয়ন জমা দিয়েছেন। মহকুমা শাসকের দফতরেও মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মগরাহাট একনম্বর ব্লকে মনোনয়ন জমা দেওয়াকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ালে উস্থি থানা থেকে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলে ব্যাপক বোমাবাজি হয়। জমায়েত থেকে গুলিও চলে। গুলিতে উস্থি থানার একজন সাব ইনসপেক্টরের বাঁ হাতে গুলি লাগে। তাঁকে ডায়মন্ডহারবার জেলা হাসপাতালে নিয়ে আসা হয়েছে। ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে। বারুইপুর বিডিও অফিসের সামনে ভিড় সরাতে গেলে পুলিশের সঙ্গে ধাক্কেলা বাধে। মোটামুটিভাবে জেলায় মনোনয় পর্ব শান্তিতে শেষ হল।

নিমতায় ব্যবসায়ীর রহস্যমৃত্যু ঘিরে চাঞ্চল্য

নিজস্ব সংবাদদাতা, বিরাটি : নিমতায় ব্যবসায়ীর রহস্যমৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়াল সোমবার। এদিন নিমতার পাঠানপুর মোড়ে সুভাষিণী অ্যাপার্টমেন্টের পঞ্চম তল থেকে উদ্ধার হল সুপ্রতিক নারায়ন রায় (৩৫) নামে এক ব্যক্তির গলা ফাঁস লাগানো মৃতদেহ। তাঁর দেহ গলায় নাইলনের দড়ি দিয়ে ফাঁস লাগানো অবস্থায় মাটিতে পড়ে ছিল। দেহে পচন ধরেছিল। তিনদিন ধরে তাঁকে বাইরে আসতে দেখা যায়নি বলে জানিয়েছেন তার প্রতিবেশীরা। আস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্তে নেমেছে নিমতা থানার পুলিশ। স্থানীয় সূত্রে জানা গেছে, তিনদিন ধরে তার দেখা মেলেনি। রবিবার রাত থেকে ইতিমধ্যে বেশ কয়েকজন জেরা করে বিষয়টি বোঝার চেষ্টা চালাচ্ছে পুলিশ।

পুলিশ জানিয়েছে দরজার বাইরে তালা দেওয়া ছিল। ভেতরে ডোরলক লাগানো ছিল। তালা ও ডোরলক ভেঙে ভেতরে ঢুকে দেহ উদ্ধার করে পুলিশ। দেহটি বাদিকের ঘরে মাটিতে পড়ে ছিল। আরও জানা গেছে সুপ্রতিক সাধারণত অতিবেশীদের সঙ্গে খুব বেশী কথা বলতেন না।

CHANGE OF NAME

I PREVIOUSLY CALLED SEKH ISLAM S/O, SK. MOJAHID R/O. 39/1/B, CANAL EAST ROAD P.S. NARKELDANGA KOLKATA-700011. HAVE CHANGED MY NAME AS SK. NOOR ISLAM VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09.04.2018

CHANGE OF NAME

I, NAJMA KHATOON W/O ABDUL KUDDUS RESIDENT OF GULZAR BAGH MAKALHATI ,WARD NO-04, BIDHANGARH, SOUTH 24 PARGANAS-700066, INDIA, DECLARED THAT MY PREVIOUS NAME NAJMA (OLD NAME). AS PER AFFIDAVIT ON NOTARY PUBLI C KOLKATA ON 06.04.2018. I BECAME KNOWN AS NAJMA KHATOON.

CHANGE OF NAME

I, MOHAMMED SABIR S/O MOHAMMED ISHAQUE RESIDENT OF 22/1/H/9/1, BRIGHT STREET, P.S. KARAYA, KOLKATA-700017, INDIA. DECLARED THAT MY PREVIOUS NAME SABIR (OLD NAME). AS PER AFFIDAVIT ON NOTARY PUBLIC KOLKATA ON 06.04.2018. I BECAME KNOWN AS MOHAMMED SABIR.

Change of Name

I NASIRUDDIN MULLICK S/o SAIDUL ISLAM MULLICK R/o 29B EKBALPORE LANE, P.S. EKBALPORE, KOLKATA 700023, INDIA declare that My previous name was NASIRUDDIN MULLICK ZOHEB (old name). Asper Affidavit on 1st Class Judicial Magistrate, Alipur on 05.04.2018 I became known as NASIRUDDIN MULLICK